



EIIN- 123407

রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫

জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯

মাউশি কোড- ০১৫১

ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯

মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২

E-mail: jgovtcoll@gmail.com

Web: jgcbd.net

বিজ্ঞপ্তি নং- জাসক/২০২১/ ০৬-০৩

তারিখ : ২২/০৬/২০২১ খ্রি.

## একাদশ শ্রেণির অনলাইন ক্লাস সম্পর্কিত বিজ্ঞপ্তি

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, আমরা জানি কোভিড ১৯ অভিয়ারির কারণে ১৮/০৩/২০২০খ্রি. তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় ভর্তির পর থেকে এখন পর্যন্ত নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী তোমরা শ্রেণি কার্যক্রমে অংশ গ্রহণ করতে পারনি। এর বিকল্প হিসেবে এখন পর্যন্ত আমরা সরকারি নির্দেশনা মোতাবেক অনলাইনে তোমাদের পাঠদানের চেষ্টা করে যাচ্ছি। তোমাদের লেখাপড়া ক্ষতি পুষিয়ে নিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২২ সালের এইচএসসি (শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১) পরীক্ষার জন্য শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে পূর্ণবিন্যাস করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পূর্ণবিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য এনসিটিবি কর্তৃক বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশনাসহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। সকলকেই উক্ত অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে। সেই সাথে আমাদের অনলাইন ক্লাস কার্যক্রম চালু থাকবে। নিম্নে ২২/০৬/২০২১ খ্রি. তারিখ থেকে ০৬/০৭/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত একাদশ শ্রেণির অনলাইন ক্লাসের রুটিন প্রকাশ করা হলো।

রুটিনে উল্লিখিত সময় অনুযায়ী কলেজের ফেইস বুক আইডি (জাহাঙ্গীরপুর সরকারি কলেজ, নওগাঁ অথবা ০১৭৯৭১৮২২৬২)তে তোমরা ক্লাসসমূহ পর্যবেক্ষণ করতে পারবে। একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীকে ফেইস বুকের মাধ্যমে ক্লাস পর্যবেক্ষণ করার এবং ক্লাস পর্যবেক্ষণের পর কমেট বক্সে নিজ নিজ ক্লাস রোল (৫ ডিজিট) উল্লেখ করে কমেট করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

## অনলাইন ক্লাস রুটিন (একাদশ শ্রেণির জন্য)

(২২/০৬/২০২১খ্রি. তারিখ থেকে ০৬/০৭/২০২১খ্রি. তারিখ পর্যন্ত)

তারিখ	বার	বিষয়	সময়
২২/০৬/২০২১	মঙ্গলবার	পৌরনীতি প্রথম পত্র	প্রত্যেকদিন দুপুর ১২টার পর থেকে যে কোন সময় উক্ত তারিখের ক্লাসসমূহ দেখা যাবে।
২৩/০৬/২০২১	বুধবার	অর্থনীতি প্রথম পত্র	
২৪/০৬/২০২১	বৃহস্পতিবার	জীববিদ্যা প্রথম পত্র	
২৬/০৬/২০২১	শনিবার	যুক্তিবিদ্যা প্রথম পত্র	
২৭/০৬/২০২১	রবিবার	রসায়ন প্রথম পত্র	
২৮/০৬/২০২১	সোমবার	উচ্চতর গণিত প্রথম পত্র	
২৯/০৬/২০২১	মঙ্গলবার	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	
৩০/০৬/২০২১	বুধবার	বিপণন প্রথম পত্র	
০১/০৭/২০২১	বৃহস্পতিবার	ইংরেজি প্রথম পত্র	
০৩/০৭/২০২১	শনিবার	ব্যবস্থাপনা প্রথম পত্র	
০৪/০৭/২০২১	রবিবার	পদার্থবিদ্যা প্রথম পত্র	
০৫/০৭/২০২১	সোমবার	বাংলা প্রথম পত্র	
০৬/০৭/২০২১	মঙ্গলবার	ইসলামের ইতিহাস প্রথম পত্র	

বি.দ্র.: ক্লাস সম্পর্কিত যে কোন সমস্যার জন্য ইতোপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট শিক্ষকের মোবাইল নম্বরে কল করার জন্য পরামর্শ দেয়া হলো।

অধ্যক্ষ মোঃ সাইকুর রহমান চৌধুরী (০১৪১৩৩)  
জাহাঙ্গীরপুর সরকারি কলেজ (ভারপ্রাপ্ত)  
মহাদেবপুর, নওগাঁ।

তারিখ: ২২/৬/২০২১